

১৫/১১/২০২১

নং-৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৯.০৯.(অংশ-১). ১৬০৬

তারিখ: ১১/১১/২০২১ খ্রিঃ।

মহান বিজয় দিবস ২০২১ উপলক্ষে রচনা প্রতিযোগিতা।

‘মহান বিজয় দিবস ২০২১’ উদযাপন উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত বিষয়ে রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহবান জানানো যাচ্ছে।


ক) রচনা প্রতিযোগিতা:

ক্র. নং.	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	বীরশ্রেষ্ঠদের কথা	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	বিজয়ের মহানায়ক বঙ্গবন্ধু	১২০০
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	কবিতা ও গানে বিজয় ও জাতির পিতা	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	মুজিব জন্মশতবার্ষিকী ও আমাদের বিজয়ের চেতনা	১৮০০
৫.	ঙ	বিশেষ (প্রতিবন্ধী)	বাংলাদেশের মুক্তিযুদ্ধ	১০০০

রচনা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য: রচনা প্রতিযোগিতায় ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০, কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবল দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। রচনা ১৪.১২.২০২১ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে।

শর্তাবলি :

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার মধ্যে থাকা আবশ্যিক।
২. ছাত্রছাত্রীদের ক্ষেত্রে স্টুডেন্ট আইডি কার্ড/ স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা, স্টুডেন্ট আইডি কার্ড এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।


(মো: আবুবকর সিদ্দিক)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৯৬৭১২৩৪